গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পিডি/জি এল-৩১/৯২/১২৯৬(৭৬)

তারিখ ঃ ২৯ অক্টোবর '৯২ ইং
০৬ কার্তিক '৯৯ বাং

প্রেরক ঃ- মহাকারা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ- উপ-মহাকারা পরিদর্শক,
সকল বিভাগ,
সকল কেন্দ্রীয় কারাগার।
তত্ত্বাবধায়ক,
সকল জেলা, উপ ও থানা কারাগার।

বিষয় ঃ- বাংলাদেশের কারাগারে আটক বিদেশী বন্দীদের ব্যক্তিগত পত্র প্রেরণ প্রসংগে।

বরাত ঃ- অত্র অধিদপ্তরের স্মারক নং-পিডি/জি এল-৩১/৯২/৬২৪(৭৮), তারিখ ঃ
২৪-০৫-৯২ ইং/১০-০২-৯৯ বাং।

বরাতে উল্লেখিত অত্র অধিদপ্তরের স্মারকের অনুক্রমিকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হইতে প্রাপ্ত স্মারক নং-বহি-৩/৩-১৬/৯২/৬৫১(৫), তারিখ ঃ ৩০-০৯-৯২ ইং এর অনুলিপি সহ মন্ত্রণালয়ের উক্ত স্মারকে বর্ণিত স্মারক নং-কল্যান-২/১৪/৮৮(বহি-৩)/১০১৯, তারিখ ঃ ১০-১২-৮৮ ইং ও উহার সংযুক্তির অনুলিপি আপনার অবগতি ও ভবিষ্যৎ কর্মপন্থা অবলম্বনের জন্য এতদসংগে প্রেরিত হইল।

(সৈয়দ হাদে[illegible]র রহমান)
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহাকারা পরিদর্শক,
বাংলাদেশ।
ফোন-২৮ ১৪ ৮১(দপ্তর)।

এস, উদ্দিন
১৮/১০/৯২ ইং

---

স্মারক নং-পিডি/জি এল-৩১/৯২/১২৯৬/১

তারিখ ঃ ২৯ অক্টোবর '৯২ ইং
০৬ কার্তিক '৯৯ বাং

অনুলিপি অবগতির জন্য সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিঃ শাখা-৩, ঢাকা এর বরাবরে প্রেরিত হইল। এ প্রসংগে মন্ত্রণালয়ের স্মারক নং-বহি-৩/৩-১৬/৯২/৬৫১(৫), তারিখ ঃ৩০-০৯-৯২ ইং উল্লেখ্য।

(সৈয়দ হাদে[illegible]র রহমান)
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহাকারা পরিদর্শক,
বাংলাদেশ।

২০৪ ৭/৯/০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩(৬৭) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ **কারাগারে আটক বিদেশী নাগরিকদের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পূর্বাহ্নে অবহিত করণ প্রসংগে**

সূত্র ঃ এ অধিদপ্তরের স্মারক নং পিডি/জি এল-২০/৯২/৭৭৭/১(৭০) তারিখ-২২-৬-১৯৯২

১। কারাগারে আটক বিদেশী নাগরিকদের অসুস্থ হওয়ার সাথে সাথে মেডিকেল অফিসারের প্রতিবেদন এবং বিশদ বিবরণী ০৩ কপি করে প্রেরণের জন্য সূত্রক্ত স্মারকের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যায়, নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না, যা কাম্য নহে। বিদেশী নাগরিকদের অসুস্থতার বিষয়ে যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করা সম্ভব হলে সংশ্লিষ্ট দেশের দূতাবাস হতে বন্দীর সাহায্য সহযোগিতা বৃদ্ধি পেতে পারে।

২। আটক কোন বিদেশী নাগরিক অসুস্থ হওয়ার সাথে সাথে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরাধ করা হ'ল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩/১(৪) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল। তার অধীন কারাগারসমূহে আটক বিদেশী নাগরিকদের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালন তদারকি করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল।

কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা / রাজশাহী / কুমিল্লা / যশোর।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

Pory-111-08(N)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/ এস-২/৯৮/১৩৩৪(৬৩)  তারিখঃ 27 সেপ্টেম্বর/৯৮ / 12 আশ্বিন/১৪০৫।

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়াহিদুর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র জেল সুপার/জেল সুপার,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় : বিদেশী নাগরিকদের চিকিৎসা সংক্রান্ত।

কারাগারে অবস্থানরত বিদেশী নাগরিকদের চিকিৎসার নিমিত্তে বাহির হাসপাতালে প্রেরণ করা হইলে বিষয়টি যথাসময়ে এস বি অধিদপ্তরসহ পুলিশের স্থানীয় বিশেষ শাখাকেও অবহিত করার জন্য অনুরোধ করা যাইতেছে।

মোঃ ওয়াহিদুর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার,
কারা মহা পরিদর্শক
ফোন-৯৩ ৫৫ ৭৮ ০ (দপ্তর)।

স্মারক নং পিডি/এস-২/৯৮/১৩৩৩/১(১)  তারিখঃ 27 সেপ্টেম্বর/৯৮ / 12 আশ্বিন/১৪০৫।

অনুলিপি অবগতির জন্য কারা উপ-মহা পরিদর্শক, ঢাকা বিভাগ, ঢাকাকে প্রেরণ করা হইল।

মোঃ ওয়াহিদুর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার,
কারা মহা পরিদর্শক।

[illegible]
১৭-০৯-৯৮ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- পিডি/এস-৬/২০০১/৩৬৩ (৬৪)

তারিখঃ 02 এপ্রিল/২০০১
চৈত্র/১৪০৭

প্রেরকঃ মহম্মদ লিয়াকত আলী খান
কারা মহা পরিদর্শক (চঃদাঃ)

প্রাপকঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

বিষয়ঃ বিদেশী নাগরিকদের মৃতদেহ সৎকার / হস্তান্তর প্রসংগে।

এখন হতে উপরোক্ত বিষয়ে সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে তারবার্তা প্রেরণ কিংবা পত্র যোগাযোগের ক্ষেত্রে উপ-সচিব (বহিরাগমন) এর দৃষ্টি আকর্ষণ করার জন্য বলা যাচ্ছে।

(মহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক (চঃদাঃ)

শৈলেশ/*
০২-০৪-২০০১ ইং।

জেল শাখা-২

নং-বিবিধ-২৯/৯৬-কারা-২/৯৬ তারিখ ঃ ১২-১-৯৭ ইং ।

বিষয় ঃ বিদেশী বন্দীদের ব্যক্তিগত মালামাল প্রসংগে ।

লক্ষ্য করা যাইতেছে যে, বিদেশী বন্দীদের গ্রেফতারের সময় জমাকৃত/জব্দকৃত ব্যক্তিগত মালামাল সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বন্দী/বন্দীদের সাথে কারাগারে প্রেরন করা হয় না । ফলে মুক্তিপর স্বদেশে প্রত্যাবাসনের নিমিত্তে দূতাবাস কর্তৃপক্ষের নিকট তাহাদেরকে হস্তান্তরকালে জব্দকৃত ব্যক্তিগত মালামালগুলি কারাকর্তৃপক্ষ ফেরৎ প্রদানে ব্যর্থ হন । মুক্তি প্রাপ্ত বিদেশী বন্দীগন দূতাবাসের প্রতিনিধির উপস্থিতিতে কারাকর্তৃপক্ষের সহিত অনেক প্রশ্নের অবতারনা করেন । ইহাতে নানা প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয় ও বিদে[…] নিকট বাংলাদেশের ভাবমুর্তি ক্ষুন্ন হয় । কারা কর্তৃপক্ষকেও বিব্রতকর অবস্থায় পড়িতে হয় ।

২। কারা বিধি ১ম খন্ডের ৫৪৩ ধারা মোতাবেক সংশ্লিষ্ট আদালতের কোন নির্দেশ না থাকি[…] বন্দী তাহার ব্যক্তিগত মালামাল আদালত হইতে সংগে আনিতে পারিবেন এবং একটি তালিকা সহ এই সকল মালামাল সংশ্লিষ্ট জেলারের নিকট জমা থাকিবে । মালামালের বিবরন রেজিষ্টারেও লিপিবদ্ধ থাকিবে । বন্দীর মুক্তির সময় মালামালগুলি তালিকা মোতাবেক বন্দীকে ফেরৎ প্রদান করিতে হইবে । কারাবাসকালী[…] সময় বন্দীর সম্মতিক্রমে যে কোন মালামাল ও টাকা পয়সা বন্দীর আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধবকে হস্তান্তর ক[…] হয় বলিয়া উক্ত বিধিতে উল্লেখ রহিয়াছে ।

৩। এমতাবস্থায় বিদেশী বন্দীদের গ্রেফতারের সময় জমাকৃত/জব্দকৃত সকল ব্যক্তিগত মালা[…] (অবৈধ মালামাল/মামলায় সম্পৃক্ত মালামাল ব্যতীত) যাহাতে তাহাদের মুক্তি/ প্রত্যাবাসনের সময় তাৎক্ষ[…] ভাবে ফেরৎ প্রদান করা হয় এই বিষয়ে কারা বিধির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকলের দৃ[…] আকর্ষন করা যাইতেছে ।

স্বাক্ষরিত/=
(আব্দুল মুক্তাদির চৌধুরী)
যুগ্ম-সচিব ।

বিতরন ঃ-

১। মুখ্য মহানগর হাকিম, ------------------(সকল) ।
২। জেলা ম্যাজিষ্ট্রেট, বাগেরহাট ।
৩। পুলিশ কমিশনার ------------------(সকল) ।
৪। পুলিশ সুপার ------------------(সকল) ।

নং-বিবিধ-২৯/৯৬ জেল-২/৯৬/১(১) তারিখ ঃ-১২-১-৯৭ ইং

অনুলিপি অবগতির জন্য ঃ-
কারা মহা-পরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা ।

স্বাক্ষরিত/=
অস্পষ্ট ।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
(জে,এম, শাখা)

স্মারক নং-জেপ্রবা/জেএম/[illegible]-২০৭ তারিখ [illegible]

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল ঃ-

১। সুপার-জেলার, বাগেরহাট ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/পরি-৬/৯৬/ ৫৩ (৭৮)

তারিখ : ২৭ মার্চ'৯৭
১৩ চৈত্র ১৪০৩

প্রেরক:- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপক:- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়, জেলা, উপ- ও থানা কারাগার ।

বিষয়:- বিভিন্ন ধরনের বন্দীদের মাসিক বিবরনী প্রেরন প্রসংগে ।

বরাত:- কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/পরি-৬/৯৫/৯/(৭৬) তারিখ ১২-৪-৯৫ইং/ ৯-১-১৪০২ বাং এবং নং পিডি/পরি-৬/৯৬/৫১(৭৮) তারিখ ১৩-৩-৯৭ইং/ ২৯-১১-১৪০৩ বাং ।

বরাতোক্ত স্মারকদ্বয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করিয়া জানানো যাইতেছে যে, বিভিন্ন ধরনের বন্দীদের মাসিক বিবরনীর নির্ধারিত "ছক" এর মাধ্যমে আপনার কারাগার হইতে তথ্যাদি প্রেরন করা হইতেছে । উক্ত ছকের ০৯ নং কলামে "বিদেশী বন্দীদের সংখ্যা" এই সংখ্যার মধ্যে যদি মুক্তিপ্রাপ্ত বিদেশী বন্দী (অর্থাৎ স্বদেশ প্রত্যাবাসনের অপেক্ষায়) থাকে তবে তাহা ঐ কলামেই পৃথক ভাবে উল্লেখ করিতে হইবে। কেননা মুক্তি প্রাপ্ত বিদেশী বন্দীগনের সংখ্যা পৃথকভাবে উল্লেখ না থাকায় সরকার কর্তৃক আহবায়িত তথ্যাদি প্রদানে সমস্যা দেখা দেয় ।

অতএব, "মুক্তি প্রাপ্ত বিদেশী বন্দীর" সংখ্যা "বিদেশী বন্দীর" সংখ্যার সহিত একত্রে যোগ না করিয়া উক্ত ছকের ৯নং কলামের পার্শ্বে একটি পৃথক কলামে যাহাতে উল্লেখ করা হয় এবং সেই মোতাবেক পরবর্তী মাস হইতে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরন করা হয় সেই ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে । আরও উল্লেখ্য যে, মাসিক বিবরনীটি যাহাতে প্রত্যেক মাসের ৭ তারিখের মধ্যেই প্রেরন করা হয় সেই দিকেও লক্ষ্য রাখার জন্যও অনুরোধ করা হইল ।

২০/৩/৯৭

( মোঃ বজলুর রহমান )
সহকারী কারা মহা পরিদর্শক
পক্ষে কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ ।

এ, হাই/
২৯৩৯৫

স্মারক নং পিডি/পরি-৬/৯৬/ ৫৩ / ১(৪)

তারিখ : ২৭ মার্চ'৯৭
১৩ চৈত্র ১৪০৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল :-

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সদর দপ্তর, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোহর ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/এক-১/৯৬/৭৬৮

তারিখঃ ২৭ মে' ৯৬ ইং।
২৬ জ্যৈষ্ঠ'১৪০৩ বাং

প্রেরকঃ ব্রিগেডিয়ার মোহাম্মদ আবুল হোসেন
মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রনালয়,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

দৃঃআঃ অতিরিক্ত সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রনালয়।

বিষয়ঃ বিদেশী বন্দীদের ব্যক্তিগত মালামাল প্রসংগে।

সরকারের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাইতেছে যে, কারা বিধি ১ম খন্ডের ৫৪৩ ধারা মোতাবেক সংশ্লিষ্ট আদালতের কোন নির্দেশ না থাকিলে বন্দী তাহার ব্যক্তিগত মালামাল আদালত হইতে সংগে আনিতে পারিবেন যাহার একটি তালিকা সহ মালামাল সংশ্লিষ্ট জেলারের নিকট জমা থাকিবে এবং মালামালের বিবরন রেজিষ্টারেও লিপিবদ্ধ থাকিবে। বন্দীর মুক্তির সময় মালামাল গুলি তালিকা মোতাবেক বন্দীকে ফেরত প্রদান করিতে হইবে। এমনকি কারাবাস কালিন সময়ে বন্দীর সম্মতিক্রমে যে কোন মালামাল ও টাকা পয়সা বন্দীর বন্ধু-বান্ধবকে হস্তান্তর করা যায় বলিয়া উক্ত বিধিতে উল্লেখ রহিয়াছে।

বর্তমানে কারাগারে আটক অধিকাংশ বিদেশী বন্দীর গ্রেফতার কালিন জমাকৃত/জব্দকৃত ব্যক্তিগত মালামাল গুলি সংশ্লিষ্ট থানায় কিংবা আদালতের মালখানায় যথাযথ ভাবে সংরক্ষন করা হয় না এবং মালামাল গুলি বিধি মোতাবেক তালিকা সহকারে আদালত কর্তৃক কারা কর্তৃপক্ষকে বুঝাইয়া দেওয়া হয় না বলিয়া কারাগার সূত্রে জানা গিয়াছে

বিদেশী বন্দীদের গ্রেফতার কালিন জমাকৃত/জব্দকৃত ব্যক্তিগত মালামাল সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কারাগারে প্রেরন না করার কারনে তাহাদের মুক্তির পর স্বদেশ প্রত্যাবাসনের নিমিত্তে দুতাবাস কর্তৃপক্ষের নিকট তাহাদেরকে হস্তান্তর কালে ব্যক্তিগত মালামাল গুলি কারা কর্তৃপক্ষ ফেরত প্রদানে ব্যর্থ হন। বিদেশী বন্দীদের প্রত্যাবাসনের সময় তাহাদের ব্যক্তিগত সকল মালামাল বুঝিয়া না পাওয়ার কারনে কারা কর্তৃপক্ষের সহিত অনেক বাকবিতন্ডা হয়। ফলে নানান প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয় এবং বিদেশের নিকট বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়। ইহার যথাযথ প্রতিকার ও সমাধান করা প্রয়োজন।

চলমান পাতা -২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/এক-৫/২০০১/৯৪২(৬৪) তারিখ ০৯ জুলাই/২০০১
২৫ আষাঢ়/১৪০৮ ।

প্রেরক : মুহম্মদ লিয়াকত আলী খান
কারা মহা পরিদর্শক ।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।

বিষয় : কারাগারে আটক সকল বিদেশী বন্দীদের দন্ডাদেশ উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) মাস পূর্বে স্বদেশ প্রত্যাবাসন করার কার্যক্রম গ্রহন প্রসংগে ।

অতি সম্প্রতি মহামান্য উচ্চ আদালত দেশের সকল কারাগারে আটক বিদেশী বন্দীদের দন্ডাদেশের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) মাস পূর্বেই তাদের স্বদেশে প্রত্যাবাসন করার প্রক্রিয়া শুরু করার পরামর্শ প্রদান করিয়াছেন । যাহা কোন প্রকার ব্যত্যয় ছাড়াই কার্যকর করিতে হবে মর্মে বিগত ০৮-০৭-২০০১ তারিখে মাননীয় স্বরাষ্ট্র সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রনালয়ের সভায় সিদ্ধান্ত গৃহীত হয় ।

অতএব, এ চিঠি প্রাপ্তির পর হতে আপনার কারাগারে আটক সকল বিদেশী বন্দীদের দন্ডাদেশ উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) মাস পূর্বেই তাদেরকে স্বদেশে প্রত্যাবাসনের কার্যক্রম গ্রহন নিশ্চিত করার নির্দেশ প্রদান করা হলো ।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক ।

স্মারক নং পিডি/এক-৫/২০০১/৯৪২/১(৪) তারিখ ০৯ জুলাই/২০০১
২৫ আষাঢ়/১৪০৮

অনুলিপি কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর এর অবগতির জন্য প্রেরিত হোল ।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক ।

মোতালেব
০৯-০৭-২০০১ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং কিপি/ এ-২/৯৮/১০৩৩(৩০)     তারিখ ২৭ ফেব্রুয়ারী/৯৮ / ফাল্গুন/১৪০৪।

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়াজিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় : বিদেশী নাগরিকদের চিকিৎসা সংক্রান্ত।

সরকারের অনুমোদনক্রমে বিদেশী নাগরিকদের চিকিৎসার নিমিত্ত বাহিরে হাসপাতালে প্রেরণ করা হইলে বিষয়টি যথাসময়ে তত্ত্বাবধায়কসহ পুলিশের স্থানীয় বিশেষ শাখাকেও অবহিত করার জন্য অনুরোধ করা যাইতেছে।

মোঃ ওয়াজিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার,
কারা মহা পরিদর্শক
ফোন-৯৫৫৭৮৩ (দপ্তর)।

স্মারক নং কিপি/এ-২/৯৮/১০৩৩/১(৬)     তারিখ ২৭ ফেব্রুয়ারী/৯৮ / ফাল্গুন/১৪০৪।

অনুলিপি অবগতির জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, বরাবরে প্রেরণ করা হইল।

মোতাবেক
১৭-০২-৯৮ইং।

মোঃ ওয়াজিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার,
কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩(৬৭) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ **কারাগারে আটক বিদেশী নাগরিকদের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পূর্বাহ্নে অবহিত করণ প্রসংগে**

সূত্র ঃ এ অধিদপ্তরের স্মারক নং পিডি/জি এল-২০/৯২/৭৭৭/১(৭০) তারিখ-২২-৬-১৯৯২

১। কারাগারে আটক বিদেশী নাগরিকদের অসুস্থ হওয়ার সাথে সাথে মেডিকেল অফিসারের প্রতিবেদন এবং বিশদ বিবরণী ০৩ কপি করে প্রেরণের জন্য সূত্রক্ত স্মারকের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যায়, নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না, যা কাম্য নহে। বিদেশী নাগরিকদের অসুস্থতার বিষয়ে যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করা সম্ভব হলে সংশ্লিষ্ট দেশের দূতাবাস হতে বন্দীর সাহায্য সহযোগিতা বৃদ্ধি পেতে পারে।

২। আটক কোন বিদেশী নাগরিক অসুস্থ হওয়ার সাথে সাথে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরাধ করা হ'ল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩/১(৪) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল। তার অধীন কারাগারসমূহে আটক বিদেশী নাগরিকদের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালন তদারকি করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল।

কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা / রাজশাহী / কুমিল্লা / যশোর।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

Pory-111-08(N)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩(৬৭) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

বিষয় ঃ **কারাগারে আটক বিদেশী নাগরিকদের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পূর্বাহ্নে অবহিত করণ প্রসংগে**

সূত্র ঃ এ অধিদপ্তরের স্মারক নং পিডি/জি এল-২০/৯২/৭৭৭/১(৭০) তারিখ-২২-৬-১৯৯২

১। কারাগারে আটক বিদেশী নাগরিকদের অসুস্থ হওয়ার সাথে সাথে মেডিকেল অফিসারের প্রতিবেদন এবং বিশদ বিবরণী ০৩ কপি করে প্রেরণের জন্য সূত্রক্ত স্মারকের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যায়, নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে না, যা কাম্য নহে। বিদেশী নাগরিকদের অসুস্থতার বিষয়ে যথাসময়ে মন্ত্রণালয়কে অবহিত করা সম্ভব হলে সংশ্লিষ্ট দেশের দূতাবাস হতে বন্দীর সাহায্য সহযোগিতা বৃদ্ধি পেতে পারে।

২। আটক কোন বিদেশী নাগরিক অসুস্থ হওয়ার সাথে সাথে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরাধ করা হ'ল।

২৮/৮/০৮
(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার।

স্মারক সংখ্যা পিডি/এফ-৩(সার্কুলার)/২০০৮/৩১৩৩/১(৪) তারিখ ঃ ২৮-৮-২০০৮ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল। তার অধীন কারাগারসমূহে আটক বিদেশী নাগরিকদের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা যথাযথ প্রতিপালন তদারকি করার জন্য পুনরায় অনুরোধ করা হ'ল।

কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, বিভাগীয় দপ্তর
ঢাকা / রাজশাহী / কুমিল্লা / যশোর।

২৮/৮/০৮
(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

Pory-111-08(N)